# ALL INDIA RADIO, SILCHAR

*****************

## <u>EVENING BULLETIN</u> : <u>BENGALI</u>

## Date: - 19-07-2024

## *Time: 19:45-19:55 Hrs*

---

(১) মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার আজ আনুষ্ঠানিকভাবে অমৃত বৃক্ষ আন্দোলন টু পয়েন্ট জিরো এ্যাপ এর সূচনা/ এই কার্যসূচীর মাধ্যমে তিন কোটি গাছের চারা রোপণের লক্ষ্য নির্ধারণ/

(২) চলতি বছরের সেপ্টেম্বর মাসে রাজ্যে পাঁচটি বিধানসভা আসনের উপ-নির্বাচনের সম্ভাবনা বলে রাজ্যের মুখ্য নির্বাচন আধিকারিক অনুরাগ গোয়েলের প্রকাশ/

এবং

(৩) এম বি বি এস ইউ-জি পাঠ্যক্রমে ভর্তির প্রবেশ পরীক্ষার ফলাফল আগামীকাল বারোটার মধ্যে ওয়েবসাইটে প্রকাশের সুপ্রীম কোর্টের নির্দেশ/

---

মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আজ আনুষ্ঠানিকভাবে অমৃত বৃক্ষ আন্দোলন টু পয়েন্ট জিরো এ্যাপ প্রকাশ করেন । উল্লেখ্য অমৃত বৃক্ষ আন্দোলনের প্রথম সংস্করণের সফলতার পর আগামী পয়লা আগষ্ট থেকে ১০ ই আগষ্ট পর্যন্ত অমৃত বৃক্ষ টু পয়েন্ট জিরোর মাধ্যমে সমগ্র রাজ্যে ৩ কোটি গাছের চারা

রোপন করার লক্ষ্য নির্ধারণ করা হয়েছে ।এই পদক্ষেপের মাধ্যমে রাজ্য সরকার  নিজস্ব নার্সারী থেকে ৪ কোটির ও বেশী গাছের চারা ব্যবহার করবে ।এর মধ্যে ৩ কোটি গাছের চারা রোপণের জন্য ও ১ কোটি গাছের চারা সংরক্ষিত রাখা হবে । গাছের চারা বিতরণের সুবিধার জন্য সমগ্র রাজ্যে ৪ হাজার বিতরণ কেন্দ্র স্থাপন করা হয়েছে । এছাড়া সরকার আগামী বছর ১০ কোটি গাছের চারা রোপণের লক্ষ্য নির্ধারণ করেছে ।

---------------------------------------------------------------------------

আগামী সপ্তাহ থেকে অনুষ্ঠেয় সংসদের বর্ষাকালীন অধিবেশনে সরকার দূযোগ ব্যবস্থাপনা সংশোধনী বিল সহ ছটি বিল উত্থাপন করবে । অর্থ বিল ছাড়া ও সরকার অসামরিক পরিবহণ ক্ষেত্রে ভালো ব্যবসার উদ্দেশ্যে ১৯৩৪ এর বিমান আইনের পরিবর্তে ভারতীয় বায়ুযান বিল ২০২৪ উত্থাপন করার জন্য ও তালিকাভুক্ত করেছে । লোকসভা সচিবালয়ের জারি করা সংসদীয় বুলেটিনে গতকাল সন্ধ্যায় তালিকাভুক্ত বিলগুলির বিষয়ে প্রকাশ করা হয়েছে । এই বর্ষাকালীন অধিবেশন ২২  শে জুলাই আরম্ভ হবে ও ১২ ই আগষ্ট সমাপ্ত হবে ।২৩ শে জুলাই অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ ২০২৪ -২৫ অর্থ বছরের কেন্দ্রীয় বাজেট দাখিল করবেন ।

---------------------------------------------------------------------------

উত্তর প্রদেশের গোন্ডায় গতকাল সংঘটিত রেল দুর্ঘটনায় নিহত লোকের সংখ্যা চারজনে বৃদ্ধি পেয়েছে । দুর্ঘটনায় আহত একজন লোকের আজ হাসপাতালে মৃত্যু হয়েছে । এবং রেলপথ থেকে গড়িয়ে পড়া ট্রেনের বগি থেকে আরো একটি মরদেহ উদ্ধার করা হয়েছে । আহত আরো দুজনের অবস্থা সংকটজনক বলে জানানো হয়েছে । রেলবিভাগ থেকে প্রাপ্ত তথ্য অনুসারে গতকাল বিকেলে ডিব্রুগড় অভিমুখী চন্ডিগড়-ডিব্রুগড় এক্সপ্রেস ট্রেনটির ২১টি বগি লাইনচ্যুত হয় । এবং এরফলে নিহতদের পাশাপাশি আরো ৩০ জন আহত হয়েছেন । লক্ষ্ণৌ-গুয়াহাটি মূল রেলপথ দিয়ে ট্রেন চলাচল পুনরায় আরম্ভ করার জন্য মেরামতির কাজ পূর্ণগতিতে চলছে । এই রেলপথে চলাচল করা বেশকয়েকটি ট্রেনের যাত্রাপথ পরিবর্তন করা হয়েছে ।

---------------------------------------------------------------------------

মিজোরামের ভৈরবী-সাইরাং নতুন রেললাইন প্রকল্পের বর্তমান অবস্থান সম্পর্কে ঐ রাজ্যের রাজ্যপাল ডঃ হরিবাবু কম্ভামপাতি আজ আইজল রাজভবনে উত্তর-পূর্ব সীমান্ত রেলের আধিকারিকদের সঙ্গে বিষয়টি নিয়ে পর্যালোচনা বৈঠক করেছেন । উত্তর-পূর্ব সীমান্ত রেলের আধিকারিকরা রাজ্যপালকে রেলের এই নতুন প্রকল্পের অগ্রগতির বিষয়ে অবগত করান । উল্লেখ্য- এই প্রকল্পের কাজ সম্পূর্ণ হলে রেলপথে পণ্য এবং যাত্রী পরিষেবা মিজোরামের জনসাধারণের দোরগোড়ায় এসে যাবে । ডঃ কম্ভামপতি মিজোরামের মতো দুর্গম অঞ্চলে রেল পরিষেবা পৌঁছে দেওয়ায় কেন্দ্রীয় সরকার এবং ভারতীয় রেল কর্তৃপক্ষকে ধন্যবাদ জানিয়েছেন । উল্লেখ্য- ৫১ দশমিক তিন-আট কিলোমিটার দীর্ঘ এই রেলপথ নির্মাণে আট হাজার ২১৩ কোটি ৭২ লক্ষ টাকা ব্যয় হচ্ছে যার ৯৩ শতাংশ কাজ প্রায় সম্পূর্ণ বলে রেলসূত্রে জানানো হয়েছে ।

---

বাংলাদেশে সংরক্ষণ বিরোধী প্রতিবাদে নিহত লোকের সংখ্যা বেড়ে ৩৯ হয়েছে । সংবাদ মাধ্যমের খবর অনুসারে- সরকারী চাকরিতে সংরক্ষণ ব্যবস্থার দাবি জানিয়ে ছাত্রছাত্রীদের করা প্রতিবাদের পরিপ্রেক্ষিতে সমগ্র দেশে হিংসাত্মক পরিস্থিতির সৃষ্টি হয়েছে । বাংলাদেশে অশান্ত পরিস্থিতির জন্যে টেলিভিশন নিউজ চ্যানেলের সম্প্রচার বন্ধ করা হয়েছে । দূরসঞ্চার ব্যবস্থা ব্যহত হচ্ছে এবং বেশকয়েকটি সংবাদপত্রের ওয়েবসাইট এবং সামাজিক মাধ্যমের অ্যাকাউন্ট নিষ্ক্রিয় করে দেওয়া হয়েছে । এই প্রতিবাদের পরিপ্রেক্ষিতে মোবাইল ইন্টারনেট পরিষেবাও সাময়িকভাবে বন্ধ রাখা হয়েছে । দেশটির আইন মন্ত্রী আনিসুল হক জানিয়েছেন যে- সরকার প্রতিবাদীদের সঙ্গে আলোচনা করতে ইচ্ছুক । ঢাকাতে থাকা ভারতীয় হাইকমিশন ভারতীয় নাগরিকদের বর্তমানে সেদেশে স্থানীয়ভাবে ঘোরাফেরা থেকে বিরত থাকতে বলেছে । এছাড়া প্রয়োজন না হলে নিজেদের ঘর থেকে না বেরনোর পরামর্শ দেওয়া হয়েছে । ভারতের বিদেশ মন্ত্রণালয় সামাজিক মাধ্যমযোগে বাংলাদেশে বাস করা ভারতীয় নাগরিকদের ঢাকায় থাকা হাইকমিশনের জারী করা পরামর্শবলী মেনে চলার আহ্বান জানিয়েছে ।

এদিকে রাষ্ট্রসংঘের সচিব প্রধান এন্টোনিও গুটেরাস বাংলাদেশে বর্তমানে চলতে থাকা হিংসাতক ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেছেন । রাষ্ট্রসংঘের প্রধানের মুখপাত্র জানিয়েছেন যে- শ্রী গুটেরাস সেদেশের ঘটনাবলী পূঙ্খানুপুঙ্খভাবে অনুসরণ করছেন। এবং ঢাকার কর্তৃপক্ষ সমূহের বর্তমান পরিস্থিতিতে উদ্ভুত প্রত্যাহ্বানের সমাধানসূত্র খুঁজে বের করতে যুব প্রজন্মের সঙ্গে একযোগে কাজ করার আহ্বান জানিয়েছেন ।

--------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকারের আন্ত:মন্ত্রক প্রতিনিধি দলটি আজ হাইলাকান্দি জেলার বন্যা প্রভাবিত অঞ্চলগুলি পরিদর্শন করেছে । এর আগে প্রতিনিধি দলটি জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সভাকক্ষে প্রশাসনের শীর্ষ আধিকারীকদের সঙ্গে একটি পর্য্যালোচনা বৈঠকে মিলিত হয়েছেন । বৈঠকে জানানো হয়েছে যে বন্যার সময়ের ক্ষয়ক্ষতির দাবী পেশের সময় পর্য্যাপ্ত তথ্য জমা করতে হবে । জেলা আয়ুক্ত নির্সাগ হিভারে গৌতম জানান যে জেলায় প্রথম দফার বন্যায় ১০৬টি গ্রামের ৪৯ হাজার ২৪৯ জন লোক , দ্বিতীয় দফার বন্যায় ১৪ হাজার ৭শ ৫২ জন লোক বন্যার কবলে পড়েছেন । এছাড়া প্রথম দফায় জেলার ৫৩০ হেক্টর জমি এবং দ্বিতীয় দফায় ৮৭২ হেক্টর জমির ফসল ক্ষতিগ্রস্থ হয়েছে । কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের যুগ্ম সচিব মিহির কুমারের নেতৃত্বে আসা প্রতিনিধি দলে জলশক্তি মন্ত্রকের মুখ্য বাস্তুকার সঞ্জীব কুমার সুমন , কৃষি বিভাগের জুট ডেভোলাপমেন্ট ডিরেক্টর ঝিনটু দাস এবং অর্থ মন্ত্রকের আন্ডার সেক্রেটারি পার্থ পাল প্রমূখ বৈঠকে উপস্থিত ছিলেন ।

--------------------------------------------------------------------------------

চলতি বছরের সেপ্টেম্বর মাসে রাজ্যের ৫ টি আসনের উপ নির্বাচন হোয়ার সম্ভাবনা রয়েছে ।আজ এক সাংবাদিক সম্মেলনে একথা জানিয়ে রাজ্য মুখ্য নির্বাচনী আধিকারিক অনুরাগ গোয়েল বর্তমানের আসাম বিধানসভা ২০২১ অর্থাৎ সমষ্টি পুর্ননির্ধারণ হোয়ার আগে গঠিত হোয়ার পরিপ্রেক্ষিতে পূর্বে বহাল থাকা বিধানসভা আসনগুলিতে উপনির্বাচন অনুষ্ঠিত হবে । তিনি বলেন যে এই উপ নির্বাচনে ২০২৩ সাল থেকে নতুন করে নির্ধারণ হোয়া আসনগুলির সীমা প্রযোজ্য হবেনা । তাই এই ৫ টি আসনের জন্য ২০২১ সালের ভোটার

তালিকা উপ নির্বাচনের সময় পর্যন্ত নবীকরন করে ব্যবহার করা হবে ।উল্লেখ্য চলতি বছরে অনুষ্ঠিত লোকসভা নির্বাচনে রাজ্যের ধলাই , চিদলী ,বঙাইগাও , বিহালী ও চালগুরি আসনের বিধায়করা সাংসদ হিসেবে নির্বাচিত হোয়ার পর সেই আসনগুলি শূন্য হয় । সাংবাদিক সম্মেলনে মুখ্য নির্বাচনী আধিকারিক বলেন যে খসড়া ভোটার তালিকা ৩০ শে জুলাই প্রকাশ করা হবে । এ সম্পর্কে দাবী আপত্তি থাকলে তা দাখিল করার সময় ৩০ শে জুলাই থেকে ১০ আগষ্ট পর্যন্ত ধার্য করা হয়েছে । এদিকে চূড়ান্ত ভোটার তালিকা ২০ শে আগষ্ট প্রকাশ করা হবে বলে তিনি জানান ।

---------------------------------------------------------------------------

চিকিৎসা বিজ্ঞানের স্নাতক পর্যায়ের প্রবেশ পরীক্ষার ফলাফল শহর ও পরীক্ষা কেন্দ্র অনুযায়ী আগামীকাল বেলা ১২ টার মধ্যে ওয়েবসাইটে প্রকাশ করতে সুপ্রীম কোর্ট নির্দেশ দিয়েছে ।পরীক্ষা অনুষ্ঠিত করা জাতীয় পরীক্ষণ সংস্থাকে সুপ্রীম কোর্ট এই নির্দেশ দিয়েছে । নীট ইউ - জি পরীক্ষার কেলেংকারী মামলার শুনানি গ্রহন করে উচ্চতম ন্যায়লয়ের মুখ্য বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড় , বিচারপতি জে বি পার্ডিয়ালা ও বিচারপতি মনোজন মিশ্রকে নিয়ে গঠিত বিচারপীঠ এই নির্দেশ দিয়েছে । মামলার পরবর্তী শুনানির দিন ২২ শে জুলাই ধার্য করা সহ সেদিন ই চুড়ান্ত রায় দেওয়ার সম্ভাবনা রয়েছে ।

---------------------------------------------------------------------------

এদিকে কেন্দ্রীয় সরকারের আন্ত-মন্ত্রক প্রতিনিধি দলটি আজ করিমগঞ্জ জেলার বন্যা পরবর্তী পরিস্থিতি পর্য্যবেক্ষন করে জেলা প্রশাসনের শীর্ষ আধিকারীকদের সঙ্গে বৈঠকে মিলিত হয়েছেন । প্রতিনিধি দলটি আজ বিকেল চারটায় করিমগঞ্জ জেলার মালুয়ার জগন্নাথপুর ও কান্দিগ্রামে কুশিয়ারা নদীর ভাঙ্গন পরিদর্শন করে সন্ধ্যা সাড়ে পাঁচটায় পর্য্যালোচনা বৈঠকে অংশ গ্রহন করেছেন ।

---------------------------------------------------------------------------

আসাম বিধানসভার বিভিন্ন বিভাগের আয়-ব্যয় সংক্রান্ত কমিটি আজ করিমগঞ্জ জেলা সফর করেছেন । বিধায়ক গোবিন্দ চন্দ্র বসুমাতারির নেতৃত্বে আসা ৯ সদস্যের এই কমিটি আজ সকাল করিমগঞ্জ জেলা আয়ুক্তের কার্য্যলয়ের

সভাকক্ষে সংশ্লিষ্ট উন্নয়ন বিভাগের প্রধানদের সঙ্গে উন্নয়নমূলক কাজের বাস্তবায়ন ও অগ্রগতি নিয়ে আলোচনা করেছেন এবং অভাব-অভিযোগ শুনে ব্যবস্থা গ্রহনের আশ্বাস দিয়েছেন । আজকের সভায় পঞ্চায়েত ও গ্রাম উন্নয়ন বিভাগের প্রধানমন্ত্রী আবাস যোজনা গ্রামীন , এম জি এনরেগা , অমৃত সরোবর , পঞ্চদশ অর্থ কমিশনের অনুদানের বিষয় নিয়ে আলোচনা করা হয়েছে । আজকের বৈঠকের শুরুতে জেলা আয়ুক্ত মৃদুল কুমার যাদব কমিটির অধ্যক্ষ সহ সব সদস্যদের স্বাগত জানিয়ে বক্তব্য রাখেন । কমিটির অন্যান্য সদস্যরা হচ্ছেন-কমলাক্ষ্য দে পুরকায়স্থ , খলিল উদ্দিন মজুমদার , জাকির হোসেন লস্কর , শিবামনি বরা , আমিনুল ইসলাম ,লরেন্স ইসলারী , মজিবুর রহমান এবং দূর্গাদাস বড়ো ।

---------------------------------------------------------------------